

কাজের উৎপাদনশীলতা ও সক্রিয়তা ব্যাহত হওয়া সম্পর্কিত প্রশ্নমালা:
আলসারঘটিত কোলাইটিস V2.0 (WPAI:UC)

নিচের প্রশ্নগুলো কাজ করতে ও দৈনন্দিন কার্যক্রম চালিয়ে যেতে আপনার সক্ষমতার উপর আপনার আলসারঘটিত কোলাইটিস-এর প্রভাব সম্পর্কে জিজ্ঞেস করে, অনুগ্রহ করে নির্দেশনা অনুযায়ী শূন্যস্থানগুলো পূরণ করুন অথবা একটি সংখ্যার চারদিকে গোল দাগ দিন।

1. আপনি কী বর্তমানে কর্মরত আছেন (অর্থের বিনিময়ে কাজ করছেন)? _____ না _____ হ্যাঁ
যদি না হয়, তাহলে “না”-তে টিকিচিহ্ন দিন এবং 6 নং প্রশ্নে চলে যান।

পরবর্তী প্রশ্নগুলো গত সাত দিন সম্পর্কে, আজকের দিন বাদে।

2. গত সাত দিনে, আপনার আলসারঘটিত কোলাইটিস-এর সাথে সম্পর্কিত কারণে আপনি কত ঘন্টা কাজ করতে পারেননি? এর মধ্যে রয়েছে আপনার আলসারঘটিত কোলাইটিস-এর ফলে আপনি অসুস্থ থাকার দিনগুলোতে, দেরিতে যাওয়া, তাড়াতাড়ি চলে আসা, ইত্যাদি কারণে হারানো কর্মঘন্টা। আপনি এই গবেষণায় অংশগ্রহণের কারণে যে সময় অনুপস্থিত থেকেছেন তা হিসাবে ধরবেন না।

_____ ঘন্টা

3. গত সাত দিনে, অন্য যে কোনো কারণে, যেমন অবকাশ, ছুটি, এই গবেষণায় অংশগ্রহণের জন্য সময় দেয়া ইত্যাদির জন্য আপনি কত ঘন্টা কাজ করতে পারেননি?

_____ ঘন্টা

4. গত সাত দিনে, আপনি সত্যিকার অর্থে কত ঘন্টা কাজ করেছেন?

_____ ঘন্টা (যদি “0” হয়, তাহলে 6 নং প্রশ্নে চলে যান।)

5. গত সাত দিনে, আপনি কাজ করার সময় আপনার আলসারঘটিত কোলাইটিস আপনার কর্মক্ষমতাকে কতটা প্রভাবিত করেছে?

সেই দিনগুলোর কথা চিন্তা করুন যখন আপনি যে পরিমাণ বা যে ধরনের কাজ করতে পারতেন তা সীমাবদ্ধ ছিল, সেই দিনগুলো যখন আপনি যে রকম চান তার চেয়ে কম কাজ সম্পন্ন করেছেন, অথবা সেই দিনগুলো যখন আপনি স্বাভাবিক সতর্কতার সাথে আপনার কাজগুলো করতে পারেননি। যদি আলসারঘটিত কোলাইটিস আপনার কাজকে শুধুমাত্র সামান্য পরিমাণে প্রভাবিত করে থাকে, তাহলে একটি ছোট সংখ্যা নির্বাচন করুন। যদি আলসারঘটিত কোলাইটিস আপনার কাজকে অনেক বেশি প্রভাবিত করে থাকে, তাহলে একটি বড় সংখ্যা নির্বাচন করুন।

আপনি কাজ করার সময় আলসারঘটিত কোলাইটিস আপনার কর্মক্ষমতাকে কতটা প্রভাবিত করেছে শুধুমাত্র সেই বিষয়টি বিবেচনা করুন।

আলসারঘটিত কোলাইটিস আমার কাজকে কোনোভাবেই প্রভাবিত করেনি	0	1	2	3	4	5	6	7	8	9	10	আলসারঘটিত কোলাইটিস আমাকে কাজ থেকে সম্পূর্ণভাবে বিরত রেখেছে
---	---	---	---	---	---	---	---	---	---	---	----	--

একটি সংখ্যার চারদিকে গোল দাগ দিন

6. গত সাত দিনে, আপনার কর্মক্ষেত্রের কাজ ছাড়া, আপনার দৈনন্দিন কাজকর্ম করার ক্ষমতায় আপনার আলসারঘটিত কোলাইটিস কতটা প্রভাব ফেলেছে?

দৈনন্দিন কাজকর্ম বলতে, আমরা বোঝাচ্ছি আপনি সাধারণত যে কাজকর্মগুলো করে থাকেন, যেমন বাড়ির কাজ, বাজার করা, ছেলেমেয়ের দেখাশোনা, ব্যায়াম, লেখাপড়া, ইত্যাদি। সেই সময়গুলোর কথা চিন্তা করুন যখন আপনি যে পরিমাণ বা যে ধরনের কাজ করতে পারতেন তা সীমাবদ্ধ ছিল এবং সেই সময়গুলো যখন আপনি যে রকম চান তার চেয়ে কম কাজ সম্পন্ন করেছেন। যদি আলসারঘটিত কোলাইটিস আপনার কাজকর্মে শুধুমাত্র সামান্য পরিমাণে প্রভাবিত করে থাকে, তাহলে একটি ছোট সংখ্যা নির্বাচন করুন। যদি আলসারঘটিত কোলাইটিস আপনার কাজকর্মে অনেক বেশি প্রভাবিত করে থাকে, তাহলে একটি বড় সংখ্যা নির্বাচন করুন।

আপনার কর্মক্ষেত্রের কাজ ছাড়া, আপনার নিয়মিত দৈনন্দিন কাজকর্ম করার ক্ষমতায় আলসারঘটিত কোলাইটিস কতটা প্রভাব ফেলেছে কেবলমাত্র সেই বিষয়টি বিবেচনা করুন।

আলসারঘটিত কোলাইটিস আমার দৈনন্দিন কাজকর্মে কোনোভাবেই প্রভাবিত করেনি	0	1	2	3	4	5	6	7	8	9	10	আলসারঘটিত কোলাইটিস আমাকে আমার দৈনন্দিন কাজকর্ম থেকে সম্পূর্ণভাবে বিরত রেখেছে
--	---	---	---	---	---	---	---	---	---	---	----	---

একটি সংখ্যার চারদিকে গোল দাগ দিন